# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২২৪

৪. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১২) ওযুর পর দু'আ পাঠের প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في كلمات يقولهن بعد الوضوء

আরবী

(صحيح) عن عمر بن الخطاب رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قال: مَا مِنْكُمْ مِنْ أَحَدٍ يَتَوَضَّأُ فَيُبْلِغُ أَوْ فَيُسْبِغُ الْوَضُوءَ ثُمَّ يَقُولُ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدَهُ وَرَسُولُهُ إِلَّا فُتِحَتْ لَهُ أَبْوَابُ الْجَنَّةِ الثَّمَانِيَةُ يَدْخُلُ مِنْ أَيِّهَا شَاءَ. رواه مسلم

বাংলা

২২৪. (সহীহ) ওমার বিন খাত্তাব (রাঃ) হতে বর্ণিত। নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ ’’তোমাদের যে কেউ ওযু করে, এবং পরিপূর্ণরূপে তা সম্পাদন করে, অতঃপর এই দু’আ পাঠ করে, আশহাদু আল্লা-ইলা-হা ইল্লাল্লাহু ওয়াহদাহু লাশারীকালাহু ওয়া আশহাদু আন্না মুহাম্মাদান আবদুহু ওয়া রাসূলুহু। (অর্থঃ আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন উপাস্য নেই, তিনি একক, তাঁর কোন শরীক নেই। এবং আরো সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ তাঁর বান্দা ও রাসূল।) তাহলে, তার জন্য জান্নাতের আটটি দরজাই খুলে দেয়া হয়। যে দরজা দিয়ে ইচ্ছে সে প্রবেশ করবে।’’

(হাদীছটি বর্ণনা করেছেন মুসলিম ২৩৪, আবু দাউদ ১৬৯ ও ইবনু মাজাহ্ ৪৭০, তিরমিযী ৫৫) তবে আবু দাউদ ও ইবনু মাজাহর রেওয়ায়াতে বলা হয়েছেঃ... অতঃপর ওযুকে সুন্দরভাবে সম্পাদন করে...।

(হাসান) তিরমিযীও আবু দাউদের মতই বর্ণনা করেন। তবে তিনি অতিরিক্ত এই দু’আটি উল্লেখ করেনঃ

اللَّهُمَّ اجْعَلْنِي مِنْ التَّوَّابِينَ وَاجْعَلْنِي مِنْ الْمُتَطَهِّرِينَ

আল্লাহুম্মাজ্ আলনী মিনাত্তাওয়াবীনা, ওয়াজআলনী মিনাল মুতাতাহহেরীন। অর্থঃ হে আল্লাহ্ তুমি আমাকে তওবাকারীদের অন্তর্ভুক্ত কর এবং পবিত্রতা অর্জনকারীদের মধ্যে শামিল কর। (তিরমিযী ৫৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87984

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন